# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৯০

৪৫/ অনুমতি প্রার্থনা (كتاب الاستئذان والآداب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ অনুমতি প্রার্থনা তিনবার।

## باب مَا جَاءَ فِي الاِسْتِئْذَانِ ثَلاَثَةً

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى بْنُ عَبْدِ الأَعْلَى، عَنِ الْجُرَيْرِيِّ، عَنْ أَبِي نَضْرَةَ، عَنْ أَبِي سَعِيدٍ، قَالَ اسْتَأْذَنَ أَبُو مُوسَى عَلَى عُمَرَ فَقَالَ السَّلاَمُ عَلَيْكُمْ أَأَدْخُلُ قَالَ عُمَرُ وَاحِدَةٌ ‏.‏ ثُمَّ سَكَتَ سَاعَةً ثُمَّ قَالَ السَّلاَمُ عَلَيْكُمْ أَأَدْخُلُ قَالَ عُمَرُ ثِنْتَانِ ‏.‏ ثُمَّ سَكَتَ سَاعَةً فَقَالَ السَّلاَمُ عَلَيْكُمْ أَأَدْخُلُ فَقَالَ عُمَرُ ثَلاَثٌ ‏.‏ ثُمَّ رَجَعَ فَقَالَ عُمَرُ لِلْبَوَّابِ مَا صَنَعَ قَالَ رَجَعَ ‏.‏ قَالَ عَلَىَّ بِهِ ‏.‏ فَلَمَّا جَاءَهُ قَالَ مَا هَذَا الَّذِي صَنَعْتَ قَالَ السُّنَّةَ ‏.‏ قَالَ السُّنَّةَ وَاللَّهِ لَتَأْتِيَنِّي عَلَى هَذَا بِبُرْهَانٍ أَوْ بِبَيِّنَةٍ أَوْ لأَفْعَلَنَّ بِكَ ‏.‏ قَالَ فَأَتَانَا وَنَحْنُ رُفْقَةٌ مِنَ الأَنْصَارِ فَقَالَ يَا مَعْشَرَ الأَنْصَارِ أَلَسْتُمْ أَعْلَمَ النَّاسِ بِحَدِيثِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَلَمْ يَقُلْ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ‏"‏ الاِسْتِئْذَانُ ثَلاَثٌ فَإِنْ أُذِنَ لَكَ وَإِلاَّ فَارْجِعْ ‏"‏ ‏.‏ فَجَعَلَ الْقَوْمُ يُمَازِحُونَهُ قَالَ أَبُو سَعِيدٍ ثُمَّ رَفَعْتُ رَأْسِي إِلَيْهِ فَقُلْتُ فَمَا أَصَابَكَ فِي هَذَا مِنَ الْعُقُوبَةِ فَأَنَا شَرِيكُكَ ‏.‏ قَالَ فَأَتَى عُمَرَ فَأَخْبَرَهُ بِذَلِكَ فَقَالَ عُمَرُ مَا كُنْتُ عَلِمْتُ بِهَذَا ‏.‏ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَأُمِّ طَارِقٍ مَوْلاَةِ سَعْدٍ ‏.‏ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَالْجُرَيْرِيُّ اسْمُهُ سَعِيدُ بْنُ إِيَاسٍ يُكْنَى أَبَا مَسْعُودٍ وَقَدْ رَوَى هَذَا غَيْرُهُ أَيْضًا عَنْ أَبِي نَضْرَةَ وَأَبُو نَضْرَةَ الْعَبْدِيُّ اسْمُهُ الْمُنْذِرُ بْنُ مَالِكِ بْنِ قُطَعَةَ ‏.‏

বাংলা

২৬৯০. সুফইয়ান ইবন ওয়াকী (রহঃ) ...... আবূ সাঈদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আবূ মূসা একবার উমর (রাঃ) এর নিকট প্রবেশের অনুমতি চাইলেন। বললেনঃ আসসালামু আলাইকুম আমি কি প্রবেশ করতে পারি?

উমর (রাঃ) নিজে নিজে বললেনঃ একবার হল। আবূ মূসা (রাঃ) কিছুক্ষন চুপ করে রইলেন। পরে বললেনঃ

আসসালামু আলাইকুম, আমি কি আসতে পারি?

উমর (রাঃ) নিজে নিজে বললেনঃ দু'বার হল।

আবূ মূসা (রাঃ) কিছুক্ষন চুপ করে রইলেন। পরে বললেনঃ আসসালামু আলাইকুম, আমি কি আসতে পারি?

উমর (রাঃ) নিজে নিজে বললেনঃ তিনবার হল।

এরপর আবূ মূসা (রাঃ) ফিরে গেলেন। উমর (রাঃ) দ্বাররক্ষীকে বললেনঃ ও কি করেছে? দ্বাররক্ষী বললঃ তিনি ফিরে গেছেন।

উমর (রাঃ) বললেনঃ তাকে ডেকে নিয়ে এস। তিনি যখন আসলেন। উমর (রাঃ) বললেনঃ তুমি এ কি করলে?

আবূ মূসা (রাঃ) বললেনঃ (এ-ই তো) সুন্নত।

উমর (রাঃ) বললেনঃ তাই সুন্নত? আল্লাহর কসম, এই বিষয়ে তোমাকে অবশ্যই কোন দলীল বা প্রমাণ পেশ করতে হবে। নইলে তোমাকে আমি একটি একটা কিছু করব।

আবূ সাঈদ (রাঃ) বললেনঃ আবূ মুসা (রাঃ) আমাদের কাছে এলেন। তখন আমরা কয়েকজন আনসারী সাথী সেখানে বসা ছিলাম। তিনি বললেনঃ হে আনসার সম্প্রদায়! তোমরা কি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস সম্পর্কে লোকদের মধ্যে সবচেয়ে বেশী অবগত নও? রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি এ কথা বলেন নি যে, অনুমতি চাওয়া তিনবার? এর মধ্যে যদি তোমাকে অনুমতি দেওয়া হয়। (তবে তো ভালই) নইলে তুমি ফিরে যাবে।

উপস্থিত লোকেরা তাঁর সঙ্গে কৌতুক করতে লাগল। আবূ সাঈদ (রাঃ) বলেনঃ এরপর আমি তাঁর দিকে মাথা তুলে বললামঃ এ ব্যাপারে আপনার যদি কোন শাস্তি হয় তবে আমিও আপনার শরীক। অনন্তর তিনি উমর (রাঃ) এর কাছে এলেন এবং এ ব্যাপারে তাঁকে অবহিত করলেন। তখন উমর (রাঃ) বললেনঃ এ সম্পর্কে আমার জানা ছিল না।

সহীহ, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৯০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী সা'দ (রাঃ) এর আযাদকৃত দাসী উম্মু তারিক (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। হাদীসটি হাসান-সহীহ। জুরায়রী (রহঃ) এর নাম হল সাঈদ ইবন ইয়াস। তাঁর কুনিয়াত হল আবূ মাসঊদ। (তিনি ছাড়া) অন্যরাও আবূ নাযরা (রহঃ) থেকে এই হাদীসটি বর্ণনা করেছেন। আবূ নাযরা আবদী (রহঃ) এর নাম হল মুনযির ইবন মালিক ইবন কুতাআ।

## English

Narrated Abu Sa'eed:
"Abu Musa sought permission to enter upon 'Umar. He said: 'As-Salamu 'Alaykum (Peace be upon you). May I enter?' 'Umar said: 'Once.' Then he was silent for some time. Then he said: 'As-Salamu 'Alaykum (Peace be upon you). May I enter?' 'Umar said: Twice.' Then he was silent for some time. Then he said: 'As-salamu 'Alaykum (Peace be upon you). May I enter?' 'Umar said: 'Three times.' Then he (Abu Musa) left. 'Umar said to the gate-keeper: 'What did he do?' He replied: 'He left." He said: 'Bring him to me.' So when he came, 'Umar said to him: 'What is this that you have done?' He said: 'The Sunnah.' He said: 'The Sunnah? By Allah! You had better bring me proof or a witness to clarify this, or I will do this or that to you.'" He said "So he came to us while we were sitting with Ansar. He said: 'O People of the Ansar! Are you not the most knowledgeable people about the Ahadith of the Messenger of Allah (ﷺ)? Did the Messenger of Allah (ﷺ) not say: "Seeking permission is to be done three time. Either you are permitted, or other wise leave?" The people began joking. Abu Sa'eed said: "Then I raised my head toward him and said: "Whatever punishment you are afflicted with because of this, then I shall be your partner in it." So he went to 'Umar to inform him him about it, and 'Umar said: "I did not know about about this."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38042

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন